শয়তান বলেছে, হে রব! তোমার ইয্যতের শপথ, যতদিন পর্যন্ত তোমার বান্দার রুহসমূহ দেহের মধ্যে থাকবে, ততদিন পর্যন্ত আমি তাদের গোমরাহ করতে থাকবো। রাব্বুল আলামীন বলেন, আমি আমার ইয্যত ও মহত্বের শপথ করে বলছি যতদিন পর্যন্ত তারা আমার নিকট ক্ষমা প্রার্থনা করতে থাকবে, ততদিন পর্যন্ত আমি তাদের ক্ষমা করতে থাকবো।

আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, শয়তান বলেছে, হে রব! তোমার ইজ্জতের শপথ, যতদিন পর্যন্ত তোমার বান্দার রুহসমূহ দেহের মধ্যে থাকবে,
ততদিন পর্যন্ত আমি তাদের গোমরাহ করতে থাকবো। রাব্বুল আলামীন বলেন, আমি আমার ইজ্জত
ও মহত্বের শপথ করে বলছি যতদিন পর্যন্ত তারা আমার নিকট ক্ষমা প্রার্থনা করতে থাকবে, ততদিন পর্যন্ত আমি তাদের ক্ষমা করতে থাকবো। [হাসান] [এটি আহমাদ বর্ণনা করেছেন।]

নিশ্চয় শয়তান বলল, হে আমার রব! তোমার ইজ্জতের শপথ, যতদিন পর্যন্ত তোমার বান্দার রুহসমূহ দেহের মধ্যে থাকবে, ততদিন পর্যন্ত আমি তাদের গোমরাহ করতে থাকবো। অর্থাৎ শয়তান আল্লাহর ইয্যতের শপথ করে বলল, সে বান্দাদের আজীবন গোমরাহ করতে থাকবে। রাব্বুল আলামীন বলেন, আমি আমার ইজ্জত ও মহত্বের শপথ করে বলছি যতদিন পর্যন্ত তারা আমার নিকট ক্ষমা প্রার্থনা করতে থাকবে ততদিন পর্যন্ত আমি তাদের ক্ষমা করতে থাকবো। অর্থাৎ শয়তানের প্রতি উত্তরে আল্লাহ বলেন, আমি আমার ইয্যত ও সম্মানের শপথ করে বলছি, তারা যতদিন পর্যন্ত আমার নিকট তাদের গুনাহসমূহের ক্ষমা চাইতে থাকবে আমি তাদের ক্ষমা করতে থাকবো।

http://sunnah.global/hadeeth/bn/show/8305